



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই
ফাউন্ডেশন)
পর্যটন ভবন (৭ম-৮ম তলা), ই-৫, সি/১ আগারগাঁও
প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.smef.gov.bd



স্মারক নম্বর: ৩৬.১২.০০০০.০০০.০৪১.৮৮.০০০১.২৬.১

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩
৩০ আগস্ট ২০২৬

বিষয়: এসএমই উদ্যোক্তাদের নিবন্ধন বিষয়ে অবহিতকরণ ও সহযোগিতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এমএসএমই (মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প) নিবন্ধন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, আয়কর আইন, ২০২৩ অনুযায়ী এসএমই ফাউন্ডেশন থেকে নিবন্ধিত ক্ষুদ্র ও মাঝারি (এসএমই) শিল্প উদ্যোক্তাগণ বাৎসরিক ৫০ লাখ টাকা পর্যন্ত টার্নওভারের উপর করমুক্ত সুবিধা পাবেন এবং নারী ও প্রতিবন্ধী উদ্যোক্তারা বাৎসরিক ৭০ লাখ টাকা পর্যন্ত টার্নওভারের উপর করমুক্ত সুবিধা পাবেন। একইভাবে, বাংলাদেশ ব্যাংকের সার্কুলার (FE Circular No. 38, dated 05 October 2025) অনুযায়ী, এসএমই ফাউন্ডেশনে নিবন্ধিত উদ্যোক্তারা ব্যবসার প্রকৃত ও বৈধ চলতি ব্যয় নির্বাহের জন্য প্রতি ক্যালেন্ডার বছরে সর্বোচ্চ ৩,০০০ (তিন হাজার) মার্কিন ডলার বা সমপরিমাণ বৈদেশিক মুদ্রা বিদেশে প্রেরণের সুবিধা পাবেন। উল্লিখিত উভয় সুবিধার ক্ষেত্রেই এসএমই ফাউন্ডেশনে নিবন্ধন একটি গুরুত্বপূর্ণ শর্ত হিসেবে বিবেচিত। পাশাপাশি, এসএমই ফাউন্ডেশন আয়োজিত জাতীয় ও আঞ্চলিক মেলা, আন্তর্জাতিক মেলা, জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার, সহজ শর্তে ঋণসহায়তা, রপ্তানি প্রশিক্ষণ, ক্রেতা-বিক্রেতা ম্যাচমেকিং, এক্সপোজার ডিজিট, প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালাসহ বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণের ক্ষেত্রে এসএমই নিবন্ধন সনদপ্রাপ্ত উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান করা হবে। এ প্রেক্ষিতে এমএসএমই ব্যবসায়িক নিবন্ধন জরুরি।

০২। এসএমই ফাউন্ডেশন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে একটি সার্ভিস প্ল্যাটফর্ম (services.smef.gov.bd)- চালু করেছে। এই সার্ভিস প্ল্যাটফর্মে লগইন করে প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক আবেদন করতে পারবেন এবং অনলাইনেই নিবন্ধন সনদ সংগ্রহ করতে পারবেন।

০৩। এমতাবস্থায়, দেশের বিপুল পরিমাণ এমএসএমই উদ্যোক্তাদেরকে নিবন্ধনের প্রয়োজনীয়তা এবং নিবন্ধনের মাধ্যমে প্রাপ্য সুবিধা সম্পর্কে যথাযথভাবে অবহিত ও সচেতন করার জন্য জেলা প্রশাসনের সহায়তা একান্ত প্রয়োজন। এ বিষয়ে জেলার অংশীজনদের অবহিতকরণসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হলো এবং এ বিষয়ে সার্বিক সহযোগিতা কামনা করছি।

সংযুক্তি:

- এমএসএমই নিবন্ধন বিষয়ক লিফলেট।
- আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), ষষ্ঠ তফসিল, অংশ ১, ধারা ২৪ (অর্থ আইন, ২০২৬ দ্বারা সংশোধিত)।
- গ) বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট সার্কুলার (FE Circular No. 38, dated 05 October 2025)।

প্রয়োজনীয় তথ্য প্রাপ্তিতে যোগাযোগ করা যেতে পারে: ০১৩২৫০৭৭০৭০-৭৩


সংযুক্তিসমূহঃ

- (১) Leaflet
- (২) Finance-BILL-2026-2027
- (৩) Remittance Facility Circular



৩০-০৮-২০২৬
আনোয়ার হোসেন চৌধুরী
ব্যবস্থাপনা পরিচালক

জেলা প্রশাসক (সকল)।



৩১-০৮-২০২৬
মোঃ নাজমুল ইসলাম
উপব্যবস্থাপক